

২০১৪-১৫ শিক্ষাবর্ষের মাস্টার্স শেষপর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে এমএ/এমএসএস/এমবিএস মাস্টার্স শেষপর্ব প্রাইভেট রেজিস্ট্রেশনে অংশগ্রহণেচ্ছুক ছাত্রীদের জানানো যাচ্ছে যে, তাদের রেজিস্ট্রেশন সংক্রান্ত কার্যক্রম নিম্নবর্ণিত সময় সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।

অফিস চলাকালীন সময় নির্ধারিত ফিসের টাকা প্রশাসনিক ভবনের নীচ তলায় রেজি:শাখায় জমা দিয়ে, আবেদন ফরম গ্রহণ পূর্বক যথাযথ ভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে একসেট ফটোকপিসহ মোট দুই সেট রেজিস্ট্রেশন শাখায় জমা দিতে হবে।

০১। ফি জমা, আবেদন ফরম গ্রহণ ও জমাদানের সময়সূচী :

(ক) তারিখ : ০৫/০৮/১৭ হতে ২০/০৮/১৭ইং পর্যন্ত (সময় সকাল- ৯:৩০ থেকে দুপুর ২:০০টা পর্যন্ত)

(খ) ফিসের পরিমাণ : ২২০০/-

০২। প্রাইভেট রেজিস্ট্রেশনের যোগ্যতা :

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ৪ বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) নিয়মিত পরীক্ষায় কমপক্ষে ৩য় শ্রেণীতে উত্তীর্ণ ছাত্রীরা রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

অথবা

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ৩ বৎসর মেয়াদী স্নাতক (পাস) ও মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রীরা রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

অথবা

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ৩ বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ও মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রীরা রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

অথবা

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ৩ বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত ও মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রীরা রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

অথবা

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ৪ বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত ও মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রীরা রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

৩। বিষয় নির্বাচন :

(ক) মাস্টার্স শেষপর্ব কোর্স (প্রাইভেট) রেজিস্ট্রেশনের জন্য অনুমোদিত বিষয়সমূহ:

বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামী শিক্ষা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স, মার্কেটিং

(খ) ব্যবহারিক ক্লাস বা মাঠকর্ম সম্বলিত বিষয়ে মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন গ্রহণযোগ্য নয়।

(গ) বিষয় নির্বাচনের ক্ষেত্রে স্নাতক (সম্মান)/মাস্টার্স ১ম পর্ব কোর্সে পঠিতব্য বিষয়ে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে হবে।

(ঘ) প্রাইভেট পরীক্ষার্থীদের পরীক্ষায় অংশ গ্রহণের ক্ষেত্রে নিয়মিত পরীক্ষার্থীদের জন্য নির্ধারিত পাঠ্যসূচী অনুসরণ করতে হবে।

৪। প্রয়োজনীয় কাগজপত্র (পূরণকৃত আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে) :

ক) এস.এস.সি / সম্মান, এইচ.এস.সি/সম্মান, ডিগ্রী/সম্মান পাশের সনদপত্র ও নম্বর পত্রের সত্যায়িত ফটোকপি;

খ) মাস্টার্স ১ম পর্ব/ স্নাতক সম্মান পাশের নম্বরপত্র ও রেজি:কার্ডের সত্যায়িত ফটোকপি;

গ) সাম্প্রতিক তোলা পাসপোর্ট আকারের ০১ কপি সত্যায়িত ছবি আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে আইকা গাম দিয়ে সংযুক্ত করতে হবে এবং অন্য ৩ কপি ছবি ফটোকপি সেটের সাথে ষ্ট্যাপলার করে দিতে হবে।

ঘ) বিষয় কোড /পত্রকোড সঠিকভাবে পূরণ করতে হবে। (বিষয় কোড নোটিশ বোঝে দেয়া আছে)।

পরীক্ষার পত্র অনুযায়ী মানবন্টন

নং	পত্র সংখ্যা	লিখিত পরীক্ষা	ইনকোর্স পরীক্ষা	মোট ক্রেডিট সংখ্যা
০১	তত্ত্বীয় পত্র = ৭	৭ × ৮০ = ৫৬০ নম্বর	৭ × ২০ = ১৪০ নম্বর	২৮ ক্রেডিট
০২	মৌখিক	১০০ নম্বর		২ + ২ = ০৪ ক্রেডিট
			মোট =	= ৩২ ক্রেডিট

বি:দ্রঃ পরীক্ষার ফরম পূরণের পূর্বেই কলেজ কর্তৃক নির্ধারিত সময়সূচী অনুযায়ী ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০২/০৮/১৭
(প্রফেসর ড. শামসুন নাহার)

অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা
ফোন নং-৩১৭
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।